

# Video conference of the BRICS Ministers of Foreign Affairs/International Relations

April 28, 2020

বিদেশ বিষয়ক/আন্তর্জাতিক সম্পর্ক-এর ব্রিক্স(BRICS) মন্ত্রীদের ভিডিও সম্মেলন

এপ্রিল 28,2020

ব্রিক্স( BRICS )-এর বর্তমান সভাপতি রাশিয়া যুক্তরাষ্ট্রের বিদেশ মন্ত্রী শ্রী সেরগেই লাভরভ-এর সভাপতিত্বে বিদেশ বিষয়ক/আন্তর্জাতিক সম্পর্কের ব্রিক্স( BRICS ) মন্ত্রীদের একটি ভিডিও সম্মেলন 28 শে এপ্রিল 2020 তারিখে অনুষ্ঠিত হয়েছে। ব্রিক্স( BRICS )ভুক্ত দেশগুলির প্রতিনিধিত্ব করেছেন যথাক্রমে ভারতের বিদেশ মন্ত্রী ড. এস জয়শংকর, ব্রাজিলের বিদেশ মন্ত্রী রাষ্ট্রদূত এরনেস্টো আরাউজো এবং দক্ষিণ আফ্রিকা প্রজাতন্ত্রের আন্তর্জাতিক সম্পর্ক এবং সহযোগিতা মন্ত্রকের মন্ত্রী শ্রীমতি গ্রেস নালেডিপ্যাভোর।

COVID-19 অতিমারির সংকটের প্রেক্ষাপটে এই ভিডিও সম্মেলনটির আহ্বান করা হয়েছিল। COVID-19 সংকট, এর প্রভাব এবং ব্রিক্সের প্রতিক্রিয়া কেন্দ্রিক আলোচনা করা হয়েছিল।2020 তে ব্রিক্সের রাশিয়ার সভাপতিত্বের তত্ত্বাবধানে কি কি ক্রিয়াকলাপ গৃহীত হবে সেই বিষয় নিয়েও ব্রিক্সের বিদেশমন্ত্রীর আলোচনা করেছেন।

বিদেশ মন্ত্রী তাঁর বক্তব্যে এই অসাধারণ বৈঠকের আহ্বান করার জন্য রাশিয়ার বিদেশমন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছেন। তিনি বলেছেন যে, চিত্তাকর্ষক বৃদ্ধি, বিনিয়োগ এবং বাণিজ্যে অংশীদারী সহ ব্রিক্স বিশ্বের জনসংখ্যার প্রায় 42 শতাংশ মানুষকে একত্রিত করেছে এবং বিশ্বের অর্থনৈতিক এবং রাজনৈতিক স্থাপত্যকে আকার প্রদানে এর একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। অতিমারির প্রাদুর্ভাবে আরোগ্য সেতু সিটিজেন অ্যাপ এবং প্রধান মন্ত্রী গরীব কল্যাণ প্যাকেজ সহ ভারত দ্বারা গৃহীত দ্রুত উদ্যোগ এবং বিভিন্ন চরম পদক্ষেপগুলির উপরে বিদেশ মন্ত্রী রেখাপাত করেছেন।তিনি এই বিষয়ের উপরে রেখাপাত করেছেন যে,হ-দ্বারা এই প্রাদুর্ভাবে আন্তর্জাতিকস্তরে জনস্বাস্থ্যের জরুরী অবস্থা ঘোষণা করার অনেক আগেই ভারত কোরোনা ভাইরাসকে প্রতিহত করার জন্য ব্যবস্থা গ্রহণ করেছে। তিনি, দক্ষিণ এশিয়াতে COVID-19 কে ঠেকিয়ে রাখার কাজে সমন্বয়ী প্রচেষ্টার উদ্যোগের জন্য এবং সার্কভুক্ত দেশগুলির COVID-19 জরুরী প্রতিক্রিয়া তহবিল গঠনের জন্য ব্রিক্সের বিদেশ মন্ত্রীদের প্রশংসা করেছেন।অতিমারির বিরুদ্ধে মোকাবিলার সাহায্যার্থে আফ্রিকার অনেক দেশসহ প্রায় 85 টি দেশকে ভারত অনুদান হিসেবে ওষুধের সহায়তা প্রদান করেছে।একে ব্যাপকভাবে স্বাগত জানানো হয়েছে।

বিদেশ মন্ত্রী জোরারোপ করে বলেছেন যে, এই অতিমারি শুধুমাত্র মানবজাতির স্বাস্থ্য এবং কুশলতাকে বিপদগ্রস্ত করেনি এরসাথে বিশ্ব বাণিজ্য এবং সরবরাহের শৃংখলকে বিঘ্নিত করে বিশ্ব অর্থনীতি এবং উৎপাদনের উপরে মারাত্মক প্রভাব ফেলেছে।বিভিন্ন ক্ষেত্রে অর্থনীতির উপরে নেতিবাচক প্রভাব ফেলে

চাকরী এবং জীবিকার ক্ষতিসাধন করেছে। তিনি জোর দিয়ে বলেছেন যে, এই সংকট থেকে বেরিয়ে আসার জন্য এবং জীবিকার যাতে ক্ষতি না হয় তাকে সুনিশ্চিত করার জন্য আমাদের ব্যবসায়ী প্রতিষ্ঠানগুলিকে বিশেষত এমএসএমই (MSME) গুলিকে সাহায্য প্রদান করা উচিত। বিদেশমন্ত্রী উল্লেখ করেছেন যে, অনাক্রম্যতাকে শক্তিশালী করার জন্য পরম্পরাগত চিকিৎসা পদ্ধতির কার্যকারিতাকে স্বীকৃতি দেওয়া উচিত এবং বিশ্বের উচিত এই প্রচেষ্টাকে সমর্থন করা।

বিদেশ মন্ত্রী জোর দিয়ে বলেছেন যে, বর্তমান প্রতিবন্ধকতা বহুপাক্ষিক পদ্ধতির সংশোধনের উপরে রেখাপাত করেছে এবং বহুপাক্ষিকতার সংশোধনই হল সামনের দিকে অগ্রসর হবার পথ। তিনি বিশ্বব্যাপী এজেন্ডাতে বিকাশ এবং বৃদ্ধির কেন্দ্রীয়কতার কথা উল্লেখ করেছেন। 2020 তে রাশিয়ার ব্লক্স-এর সভাপতিত্বকে এবং “বিশ্বব্যাপী স্থিতিশীলতা, বন্ডিত নিরাপত্তা এবং অভিনব বৃদ্ধির জন্য ব্লক্সের অংশীদারিত্ব”-এর সামগ্রিক ভাবে দৃঢ়ভাবে সমর্থন করাকেও ভারত পুনরায় সুনিশ্চিত করেছে।

7 ই মে, 2020 তারিখে COVID-19 অতিমারির উপরে পরিকল্পিত এবং উদ্দেশ্যপূর্ণ উপায়ে আলোচনাকে সামনে এগিয়ে নিয়ে যাবার জন্য ব্লক্স স্বাস্থ্য আধিকারিকদের এক ভারুয়াল বৈঠকের পরিকল্পনা করা হয়েছে।

নিউ দিল্লি  
এপ্রিল 28, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.